সবুজায়ন রক্ষায় ও পরিবেশ পরিচ্ছন্ন রাখতে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ৫৫০টিরও বেশি গাছ রোপন করা হয়। ২০০ দেবদারু, ৩০০ পাম গাছ, শাল, সেগুন ও মেহগনি মিলিয়ে ৫০টি গাছ লাগানো হয়। রয়েছেন হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান মন্ত্রী ডাঃ নির্মল মাজি, মেয়র পারিষদ (উদ্যান) দেবাশিস কুমার, মেডিক্যালের অধ্যক্ষ ডাঃ মঞ্জুশ্রী রায়, সুপার ডাঃ ইন্দ্রনীল বিশ্বাস প্রমুখ।

চুঁচুড়া চার্চ সংলগ্ন ওলন্দাজদের প্রাচীন কবরস্থান ভরেছে আগাছায়। শুরু হল কবরস্থানের সীমানা প্রাচীর সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ। মোমবাতি জ্বেলে প্রকল্পের সূচনা করেন চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার। বৃহস্পতিবার। ছবি পার্থ রাহা।

সবুজের অভিযানে হাঁটল স্কুল পড়ুয়ারা

মুখ্যমন্ত্রীর নির্দেশে চুঁচুড়ায় সবুজের অভিযান। জেলা প্রশাসনের উদ্যোগে বৃহস্পতিবার চুঁচুড়া ময়দান থেকে পিপুলপাতি মোড় পর্যন্ত হল সবুজ সংরক্ষণে সচেতনতা মিছিল। বৃক্ষরোপণ করে মিছিলের সূচনা করেন চন্দননগরের পুলিশ কমিশনার। ছিলেন জেলাশাসক, জেলা পরিষদের সভাধিপতি ও কয়েকশো ছাত্রছাত্রী। ছিল রণপা ও আদিবাসী নৃত্য।

হঠাৎ ধস নদীতীরে

ডায়মন্ড হারবার বিচ্ছিন্ন

গৌতম মণ্ডল
ডায়মন্ড হারবার, ১ আগস্ট

ডায়মন্ড হারবারে ১১৭ নম্বর জাতীয় সড়কে ৫০০ ফুটের বেশি এলাকায় ভয়াবহ ধস নামল। জাতীয় সড়কের পাশেই চলছিল শহরের সৌন্দর্যায়ন প্রকল্পের কাজ। সেই কাজের যন্ত্রাংশ–সহ পুরো অংশ হুগলি নদীতে তলিয়ে গিয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ৬টা নাগাদ ঘটনাটি ঘটেছে জেটিঘাট এলাকায়। এই ধসের জেরে ডায়মন্ড হারবারের সঙ্গে কাকদ্বীপ, নামখানা, রায়দিঘি যাওয়ার রাস্তা বন্ধ হয়ে যায়। সাতসকালে এই বিপর্যয়ের জেরে নাজেহাল হতে হয় সাধারণ মানুষদের। প্রশাসন তড়িঘড়ি দোস্তিপুর থেকে গাড়িগুলিকে ঘুরিয়ে দেয়। সেই গাড়িগুলি হটুগঞ্জ থেকে কাকদ্বীপ, রায়দিঘি যায়। অন্যদিকে শহরের ভেতরের কয়েকটি রাস্তা দিয়ে ছোট গাড়িগুলি চালানো হয়। এদিন সকালে দুর্ঘটনার খবর পেয়ে ডায়মন্ড হারবারের বিধায়ক দীপক হালদার, জেলা সভাধিপতি সামিমা সেখ, মহকুমা শাসক সুকান্ত সাহা, ডায়মন্ড হারবারের পুলিশ সুপার এস সিলভার মরুগান ঘটনাস্থলে চলে আসেন। ঘটনাস্থলে চলে আসেন প্রকল্পের দায়িত্বে থাকা পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়ার ও আধিকারিকরা। তড়িঘড়ি মেরামতির কাজ শুরু হয়েছে। আপাতত বালির বস্তা, মাটি ও ইটের টুকরো দিয়ে ধসে যাওয়া রাস্তা মেরামতি চলবে। রাস্তা মেরামতি না হওয়া পর্যন্ত এই কাজ চলবে। যত দ্রুত সম্ভব এই রাস্তা মেরামতি করা যায় তার চেষ্টা চলছে। প্রশাসনের পক্ষ থেকে ৪৮ ঘণ্টা সময়ের মধ্যে কাজ শেষ করা হবে বলে জানানো হয়েছে। তবে মেরামতির পর ভারী যান চলাচলের ওপর নিষেধাজ্ঞা থাকবে। অন্যদিকে সৌন্দর্যায়ন প্রকল্প আগামী দিনে চলবে কি না তা নিয়ে বড়সড় প্রশ্নচিহ্ন দেখা দিয়েছে। প্রকল্পের কাজে আধুনিক ক্রেন ও জেসিবি ব্যবহারের ফলে প্রচুর কম্পন হত এই এলাকায়। সেক্ষেত্রে বাঁধের ওপরে থাকা জাতীয় সড়কে এই ধস বলে প্রাথমিক অনুমান। এই বিপর্যয় নিয়ে সরকারের গাফিলতিকে দায়ী করেছেন বাম পরিষদীয় নেতা সুজন চক্রবর্তী। তিনিও ধস এলাকা ঘুরে দেখেন।

ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় গত কয়েক মাস আগে শহরের সৌন্দর্যায়ন প্রকল্পের সূচনা করেন। রাজ্য পর্যটন দপ্তরের উদ্যোগে ২৫ কোটি টাকা ব্যয়ে এই প্রকল্পের কাজ শুরু হয় পূর্ত দপ্তরের তত্ত্বাবধানে। কিন্তু অগ্রগতি খুব হয়নি। কারণ ডায়মন্ড হারবার এলাকায় হুগলি নদীতে জলস্তর বৃদ্ধির হার খুব বেশি। এছাড়া ঢেউ সরাসরি আছড়ে পড়ছিল প্রকল্প এলাকায়। এদিন সকাল সাড়ে ছ'টা নাগাদ হঠাৎ প্রকল্প এলাকার পাশে জাতীয় সড়ক পুরোপুরি ধস নেয়। সেইসময় প্রকল্পের অস্থায়ী শেডের ভেতরেই ছিলেন শ্রমিকরা। কিছুক্ষণের মধ্যেই পুরো এলাকা ধসে নদীতে তলিয়ে যায়। সেইসময় নদীতে ভাটা ছিল। প্রকল্পের জেনারেটর, জেসিবি, ক্রেন–সহ একাধিক যন্ত্রাংশ তলিয়ে যায়। মানুষ আতঙ্কিত হয়ে পড়েন। ঘটনাস্থলে চলে আসে পুলিশ। শহরের কৌতূহলী মানুষ ভিড় জমান। বন্ধ হয় যান চলাচল। দুর্ভোগে পড়েন সাধারণ মানুষ। তবে আর একটু বেলাতে হলে শ্রমিকরাও দুর্ঘটনার শিকার হতেন। বিধায়ক দীপক হালদার বিষয়টি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে বিশদে সব জানান। তিনি বলেন, 'শহরকে সাজানোর লক্ষ্যে একটি প্রকল্প চলছিল। সেই এলাকা থেকে রাস্তায় ধস নেমেছে। মেরামতি শুরু হয়েছে।'

ডায়মন্ড হারবারের জাতীয় সড়কে ধস। ছবি: প্রতিবেদক

জনসংযোগে পুরপ্রধান রথীন

'দিদিকে বলো' প্রচার নিয়ে একগুচ্ছ কর্মসূচি ঘোষণা করলেন মধ্যমগ্রামের বিধায়ক ও পুরপ্রধান রথীন ঘোষ। বৃহস্পতিবার বিকেলে পুরসভায় সাংবাদিক সম্মেলনে জানান, 'দিদিকে বলো' কর্মসূচি নিয়ে বিধানসভা এলাকার ৮৬ টি গ্রামে যাবেন তিনি। কথা বলবেন মানুষের সঙ্গে এবং বিশিষ্টজনেদের সঙ্গে। কর্মসূচি শুরু পশ্চিম খিলকাপুর থেকে।

SBI
আরবিও–১, বর্ধমান
মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, ২য় তল
কোর্ট কম্পাউন্ড, বর্ধমান–৭১৩১০১

ট্রাক্টর বিক্রির বিজ্ঞপ্তি

জনসাধারণ ও বিশেষ করে দেনদার(গণ)/জামিনদার(গণ)–কে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারি হচ্ছে যে, নিম্নোক্ত অস্থাবর সম্পত্তি যা জামিনযুক্ত উত্তমর্ণ, এসবিআই, কুড়মুন শাখার অনুমোদিত অফিসার দ্বারা বাস্তবিক দখলাধীন তা ১৭.০৮.২০১৯–এ 'যেখানে যেমন আছে', 'যা আছে তা আছে' ও 'যা যেখানে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। এসবিআই, কুড়মুন শাখা থেকে নিম্নোক্ত বিক্রয়যোগ্য গাড়িটি কিনতে ইচ্ছুক ব্যক্তিবর্গের কাছ থেকে সিল করা দরপত্র আহুত হচ্ছে।

দরপ্রস্তাব দাখিলের শেষ তারিখ ও সময়: ১৬.০৮.২০১৯, বিকেল ৪টে অবধি। আরবিও–১ বর্ধমান প্রেমিসেসে ১৭.০৮.২০১৯–এর বিকেল ৪টায় দরপ্রস্তাবগুলি খোলা হবে। ট্রাক্টর দেখানোর তারিখ ও সময় ১৪.০৮.২০১৯, বেলা ১০টা থেকে ২টা— আরবিও–১, বর্ধমানে।

ট্রাক্টরের বিবরণ ও সংরক্ষণ মূল্য:

রেজি নং: WB41H5483, প্রস্তুতবর্ষ: ১০১৬।
স্যাসি নং: NHN30370ZGH361850, ইঞ্জিন নং S325H28190 বাপী ধাড়ার থেকে ব্যাঙ্কের প্রাপ্য বকেয়া; ঠিকানা: গ্রাম হরিপুর, পো: বলগোনা, থানা– ভাতার, জেলা– পূর্ব বর্ধমান, পিন– ৭১৩৪২১। বকেয়ার পরিমাণ টাঃ ৬৮১৬৯০.০০। সংরক্ষণ মূল্য– টাঃ ০০০০০.০০। বায়না জমা– টাঃ ১৯০০০.০০ এবং মূল্য বৃদ্ধি হবে টাঃ ১০০০.০০–তে।

তারিখ: ০২.০৮.২০১৯ — অনুমোদিত অফিসার
স্থান: বর্ধমান — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

টেক্সম্যাকো ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড হোল্ডিংস লিমিটেড
CIN: L70101WB1939PLC 009800
রেজি অফিস: বেলঘরিয়া, কলকাতা– ৭০০ ০৫৬
ফোন: (০৩৩) ২৫৬৯ ১৫০০
ফ্যাক্স: (০৩৩) ২৫৪১ ২৪৪৮

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন এর সঙ্গে পঠনীয় রেগুলেশন অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত কোম্পানির প্রথম ত্রৈমাসিক মেয়াদের অপরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও রেকর্ডভুক্ত করার জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্স–এর একটি সভা অনুষ্ঠিত হবে আগামী বৃহস্পতিবার, ৮ আগস্ট, ২০১৯ তারিখে, বেলা ২–৩০–এ, কলকাতা– ৭০০ ০৫৬–এ।

এই বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.texinfra.in এবং স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট www.nseindia.com, www.bseindia.com, www.cse-india.com –এ।

টেক্সম্যাকো ইনফ্রাস্ট্রাকচার হোল্ডিংস লিমিটেড–এর পক্ষে
কে কে রাজগরিয়া
সি এফ ও

স্থান: বেলঘরিয়া
কলকাতা– ৭০০ ০৫৬
তারিখ: ১ আগস্ট, ২০১৯

EMPLOYMENT NOTICE

"Applications are invited from the eligible Indian citizen having D-Pharma/ B- Pharma from any recognized institution for the post of Whole-time Contractual Pharmacist of Diamond Harbour Sub- Correctional Home. Last date of submission -19.08.2019. For details contact the undersigned.

Email- supdt.dhrbrsch@gmail.com
Mob. No. 9073945578

Sd/-
Supdt. Diamond Harbour Subcidiary Correctional Home

ICA-1589(3)/2019

SHRISTI
WELCOME TO LIFE

সৃষ্টি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড
রেজিঃ অফিস: প্লট নং X–১, ২ এবং ৩ ব্লক– ই পি, সেক্টর–V, সল্টলেক সিটি, কলকাতা–৭০০ ০৯১
ফোন: + ৯১ ৩৩ ৪০২০ ২০২০, ফ্যাক্স: + ৯১ ৩৩ ৪০২০ ২০৯৯, E-mail: investor.relations@shristicorp.com,
CIN: L65922WB1990PLC049541, Website: www.shristicorp.com

ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড–এ

SBI
রিটেল অ্যাসেটস সেন্ট্রাল প্রোসেসিং সেন্টার,
দক্ষিণ কলকাতা (১৬২৮৬), দ্বিতীয় তল, উইন্ডসর হাইটস,
২৭৭, উত্তর কুমড়াখালি, ই এম বাইপাস, কলকাতা–৭০০ ১০৩

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[রুল–৮(১)]

যেহেতু, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া–এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৩–এর সঙ্গে পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণের প্রতি তাঁদের নামের পাশে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি ইস্যু করেছিলেন যাতে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক সর্বশেষ উদ্ভূত সুদ সমেত আদায় দেওয়ার জন্য তাঁদের আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ সংশ্লিষ্ট পরিমাণ অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষ করে ওই ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী নীচে তাঁদের নামের পাশে উল্লিখিত তারিখে উক্ত রুলসমূহের রুল ৮ ও ৯–এর সঙ্গে পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। বিশেষ করে ওই ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন উক্ত পরিমাণ অর্থাঙ্ক এবং তার ওপর সুদ সমেত স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি, দক্ষিণ কলকাতা–এর চার্জ সাপেক্ষ হবে।

ক্রম	ঋণগ্রহীতার নাম ও		ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ